

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০১.১৮-৯৭

তারিখঃ ২৬ চৈত্র ১৪২৪
০৯ এপ্রিল ২০১৮

আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী ও মেঘনা, কুমিল্লা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩(ডি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (২)(বি) মোতাবেক তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী ও মেঘনা, কুমিল্লা)-এর সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। স্থগিতকৃত বেতন তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

০৯/০৪/২০১৮

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)


সচিব

তারিখঃ ২৬ চৈত্র ১৪২৪
০৯ এপ্রিল ২০১৮

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০১.১৮-৯৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী/কুমিল্লা।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলগাজী, ফেনী/মেঘনা, কুমিল্লা।
- ৮। জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী ও মেঘনা, কুমিল্লা)।
- ৯। অফিস কপি।


(সুলতানা রাজিয়া)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৬৬৯১